# সমাজকল্যাণ বার্তা

## সমাজসেবা অধিদপ্তরের মুখপত্র

রেজি নং: ৭৩/৭৬ সংখ্যা: ৪ ডিসেম্বর: ২০২৩

## উদ্‌যাপিত হলো ৩৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস

১ অক্টোবর ২০২৩ তারিখে সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও একযোগে উদ্‌যাপিত হলো ৩৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস। এবারের প্রতিপাদ্য বিষয় ছিলো-

"সার্বজনীন মানবাধিকার ঘোষণায় প্রবীণদের জন্য
প্রদত্ত প্রতিশ্রুতি পূরণে প্রজন্মের ভূমিকা"
**(Fulfillig the Promises of the Universal Declaration of Human Rights
For Older Persons:Access Generations)**

দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে সমাজসেবা অধিদপ্তরে দিনব্যাপী নানা কর্মসূচি পালন করা হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী এবং সকল শ্রেণির প্রবীণদের অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালির মধ্যদিয়ে দিবসের আয়োজন শুরু হয়। সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ্ মোস্তফা কামালের শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরের মধুমতি মিলনায়তনে দিবসের দ্বিতীয় পর্যায়ের আলোচনা সভা শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমেদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি। সম্মানিত অতিথি ও মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ প্রাণ গোপাল দত্ত এমপি (সাবেক উপাচার্য, বিএসএমএমইউ ও বিশেষজ্ঞ চিকিৎসক)। বিশিষ্ট অর্থনীতিবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঢাকা স্কুল অব ইকোনোমিক্স এর চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমদ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত আয়োজনে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম। এছাড়াও রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এর পক্ষ থেকে দিবসের তাৎপর্য সম্বলিত ভিডিও চিত্র প্রদর্শিত হয়।




*আন্তর্জাতিক প্রবীণ দিবসের র‍্যালী*

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুভ উদ্বোধন করলেন প্রবীণদের জন্য শান্তি নিবাস এবং জেলা সমাজসেবা কমপ্লেক্স

১৪ নভেম্বর ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করলেন ০৮ টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যা বিশিষ্ট শান্তি নিবাস। তিনি গণভবন থেকে জুম প্ল্যাটফর্মে উদ্বোধন অনুষ্ঠানে যুক্ত ছিলেন এবং কেন্দ্রীয় পর্যায়ে জেলা সমাজসেবা কার্যালয় তেজগাঁও, ঢাকা প্রান্তে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমেদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশরাফ আলী খান খসরু এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১)

### অন্যপাতা

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুভ উদ্বোধন করলেন প্রবীণদের জন্য শান্তি নিবাস এবং সমাজকল্যাণ কমপ্লেক্স : ০২
১৮ অক্টোবর শেখ রাসেল দিবস-২০২৩ উদ্‌যাপন : ০২
ডি-নথি ব্যবহার বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ : ০৩
সেবা সহজীকরণে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম সফ্‌টওয়্যার বাস্তবায়নে সমাজসেবা অধিদপ্তর : ০৪

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল এবং মন্ত্রণালয় ও অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এছাড়াও ০৮টি শান্তি নিবাসে স্ব স্ব বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উদ্বোধন আয়োজনে অনলাইন প্ল্যাটফর্মে যুক্ত ছিলেন।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে সমাজসেবা অধিদপ্তরের বাস্তবায়নে ০৮টি বিভাগে নির্বাচিত ০৮টি শিশু পরিবারের অভ্যন্তরে ২৫শয্যা বিশিষ্ট শান্তি নিবাস স্থাপন করা হয়েছে। নিম্নোক্ত শিশু পরিবারের সাথে শান্তি নিবাস কেন্দ্রসমূহ স্থাপিত হয়েছে।

## ৮ বিভাগে ৮টি শান্তি নিবাস


টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ, ঢাকা


লালমনিরহাট সদর, রংপুর


মহেশ্বরপাশা, খুলনা


বায়া/পবা, রাজশাহী


সাগরদী, বরিশাল


মাইজদী, নোয়াখালী, চট্টগ্রাম


সুনামগঞ্জ সদর, সিলেট


শম্ভুগঞ্জ, ময়মনসিংহ


শান্তিনিবাস ও জেলা সমাজসেবা কমপ্লেক্স এর শুভ উদ্বোধন করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রবীণ ব্যক্তি স্বাভাবিকভাবেই পরিবারের সাথে থাকতে চায় এবং পারিবারিক আবহে শিশুদের বেড়ে ওঠা নিশ্চিত করতে শিশু পরিবারের সাথে প্রবীণদের সহাবস্থানের লক্ষ্যে সরকার প্রথম পর্যায়ে দেশের সকল বিভাগে একটি করে শান্তি নিবাস স্থাপন করেছে। এরই ধারাবাহিকতায় পরবর্তীতে দেশের সকল জেলায় এ কার্যক্রম গ্রহণ করা হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৮২০০.৬৯ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০২০ হতে সেপ্টেম্বর ২০২৩ মেয়াদকালে '০৮টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যা বিশিষ্ট শান্তি নিবাস স্থাপন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটির নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ভবনসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৪ নভেম্বর ২০২৩ তারিখে ভার্চুয়ালি উদ্বোধন করা হয়।

"৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স স্থাপন (১ম পর্যায়ে ২২ জেলা)" শীর্ষক প্রকল্পের আওতায় ৩৬৬ কোটি ৩৪ লক্ষ ৫১ হাজার টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। নির্মাণকৃত কমপ্লেক্সে জেলা সমাজসেবা কার্যালয়, প্রবেশন কার্যালয়, শহর সমাজসেবা কার্যালয়/কার্যালয়সমূহ, সামাজিক অর্থনৈতিক কেন্দ্র এবং প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র -এর অফিস স্থানান্তর করা হয়েছে। ১ম পর্যায়ের ভবনসমূহ ১৪ নভেম্বর ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভার্চুয়ালি উদ্বোধন করা হয়।

## ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস-২০২৩ উদ্‌যাপন

শেখ রাসেল দীপ্তিময়

নির্ভীক নির্মল দুর্জয় - এই প্রতিপাদ্যকে সামনে রেখে ১৮ অক্টোবর, ২০২৩ সমাজসেবা অধিদপ্তরে যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল এর জন্মদিন স্মরণে শেখ রাসেল দিবস-২০২৩ উদ্‌যাপন করা হয়। দিনের শুরুতে প্রথমেই শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর অধিদপ্তরের মধুমতি মিলনায়তনে এক আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। আয়োজিত এ অনুষ্ঠানে সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন। প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব নুরুজ্জামান আহমেদ এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন এই মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ খায়রুল আলম সেখ। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র ধর্মগ্রন্থ হতে পাঠ করা হয়। সমাজসেবা অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ্ মোস্তফা কামাল স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। এছাড়াও জাতীয়

প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, মৈত্রী শিল্প, আল নাহিয়ান ট্রাস্ট ও এনডিডি ট্রাস্টসহ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার প্রধান/প্রতিনিধিগণ আলোচনায় অংশ নেন। সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষে প্রতিনিধিগণ বক্তব্য উপস্থাপন করেন। এক অমিত সম্ভাবনাময় শিশু শেখ রাসেল হীন রাজনৈতিক স্বার্থে সপরিবারে শহিদ হন।



*বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ*

## ডি-নথি ব্যবহার বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ

দাপ্তরিক কার্যক্রমে শুদ্ধাচার প্রতিষ্ঠা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে সমাজসেবা অধিদপ্তরে অনুষ্ঠিত হলো ডি-নথি ব্যবহার বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ। প্রশিক্ষণে সমাজসেবা অধিদপ্তর, জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। ব্যাচ প্রতি ২৫ থেকে ২৮ জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে কর্মচারীদের ৫ (পাঁচ)টি ব্যাচ এবং কর্মকর্তাগণের ৬ (ছয়)টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২২ অক্টোবর ২০২৩ থেকে ২৯ অক্টোবর ২০২৩ পর্যন্ত কর্মচারীদের এবং ৩০ অক্টোবর ২০২৩ থেকে ৬ নভেম্বর ২০২৩ পর্যন্ত কর্মকর্তাগণের দিনব্যাপী এ প্রশিক্ষণ সম্পন্ন হয়। ১৩৪ জন কর্মকর্তা ও ১১৯ জন কর্মচারীসহ মোট ২৫৩ জন কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করেন।

প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন এটুআই ও সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ কর্মকর্তাগণ। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাদের প্রস্তুতিতে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।




*ডি-নথি ব্যবহার বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ*

# সেবা সহজীকরণে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম সফটওয়্যার বাস্তবায়নে সমাজসেবা অধিদপ্তর

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তরের সেবা পদ্ধতি সহজীকরণের ও সেবাসমূহকে এক জায়গায় প্রাপ্তির সুবিধার্থে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম সফট্ওয়্যার বাস্তবায়নে এই পোর্টাল প্রস্তুত করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে নাগরিক সেবা নিশ্চিতকরণের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে, কেননা নাগরিক প্রত্যাশা পূরণ সুশাসনের অন্যতম শর্ত হিসেবে স্বীকৃত। বর্তমানে বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে যার দরুণ জনগণের প্রত্যাশাও বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। বর্ধিত জনগণের প্রত্যাশার পাশাপাশি তথ্য প্রযুক্তির উৎকর্ষ সাধনের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর লক্ষ্যসমূহ অর্জন ও বাস্তবায়নের প্রয়োজনে নাগরিক সেবার মান উন্নয়ন আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। এই পোর্টালের মাধ্যমে সাধারণ জনগণ খুব সহজে সরকারি দপ্তর / সংস্থা হতে প্রদেয় সেবা সম্পর্কে কার্যকর ধারণা লাভ করতে পারবে। সেবা প্রত্যাশী জনগণের প্রত্যাশা পূরণকল্পে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের ই-সেবা সমূহকে এই পোর্টালে সন্নিবেশিত করা হয়েছে। সমাজসেবা অধিদপ্তরের বারোটি কার্যক্রম এই পোর্টালে অন্তর্ভূক্ত হবে তন্মধ্যে বেসরকারি এতিমখানা ক্যাপিটেশন গ্রান্ট, চিকিৎসা সহায়তা (ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি), হাসপাতাল সমাজসেবা কার্যক্রম এবং





বেসরকারি হাসপাতালে ৩০% দুস্থ রোগীর সেবা প্রদান কার্যক্রমের পাইলটিং চলছে। বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট কার্যক্রমের আওতায় সাভার, কালিয়াকৈর, রূপগঞ্জ এবং নরসিংদী সদর, চিকিৎসা সহায়তা কর্মসূচির আওতায় ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ এবং নরসিংদী, হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় উপজেলা সমাজসেবা কার্যালয়, সাভার, কালিয়াকৈর, রূপগঞ্জ, জেলা সদর হাসপাতাল, নরসিংদী এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, বেসরকারি হাসপাতালে ৩০% দুস্থ রোগীর সেবা প্রদান কর্মসূচির আওতায় বারডেম জেনারেল হাসপাতালে সেবা পোর্টালের পাইলটিং সম্পূর্ণ হয়েছে এবং ToT প্রশিক্ষণ সম্পাদনের মাধ্যমে কার্যক্রম শুরু হবে। সমাজসেবা অধিদপ্তরাধীন গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সম্বলিত সেবা পোর্টালটির অনলাইন ব্যবহার শুরু হলে সেবা গ্রহীতার সেবা প্রাপ্তি যেমন সহজতর হবে, তেমনি ডাটাবেজ সংরক্ষণে নতুন দিগন্ত উন্মোচিত হবে।

প্রকাশনা: গবেষণা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদপ্তর। সম্পাদক: রকিব আহ্‌মেদ, উপপরিচালক (প্রকাশনা), সমাজসেবা অধিদপ্তর।
নির্বাহী সম্পাদক: সানজিদা সুলতানা, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর। অলংকরণ: প্রণব চক্রবর্তী, অ্যাসিসটেন্ট ডিজাইনার কাম কোয়ালিটি কন্ট্রোল অফিসার, সমাজসেবা অধিদপ্তর
সমাজসেবা ভবন, ই-৮/বি-১, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা ১২০৭, ফোন: +৮৮০২৫৫০০৬৫৯৫, ৫৫০০৭০২৩ ফ্যাক্স: +৮৮০২৪৮১১৮৫৭১, ওয়েব: http://www.dss.gov.bd